দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JUN 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

062

24 JUN 1988

# ভার্সিটিতে শিক্ষার পরিবেশ রক্ষায় সহযোগিতা করুন

ভিসি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান গতকাল (বৃহস্পতিবার) এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ বজায় রাখার জন্য দেশের সকল মহলের সহযোগিতা কামনা করিয়াছেন।

বিবৃতিতে প্রফেসর মান্নান ২০শে জুনের ঘটনা উল্লেখ করিয়া বলেন, এই অনভিপ্রেত ঘটনার জন্য সিনেট সভায় দুঃখ প্রকাশ করা হইয়াছে। এই দিন ঘটনাস্থলে কতিপয় ছাত্র ভিসির পদত্যাগ দাবী করিয়া ইতিপূর্বে বহিষ্কৃত ছাত্রদের পক্ষে শ্লোগান দেওয়ার ঘটনায় বিবৃতিতে বলা হয়, এই ধরনের দাবী বিশ্ববিদ্যালয়ে বিরাজমান শিক্ষার সুষ্ঠু পরিবেশ

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ভিসি

(১ম পৃঃ পর)

বিনষ্ট করা এবং বিশেষ মহলের সহায়তায় ক্যাম্পাসে নূতন করিয়া সন্ত্রাস সৃষ্টির অপচেষ্টার সামিল। বিশ্ববিদ্যালয় এবং উচ্চ শিক্ষার স্বার্থে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কর্মচারী এই ধরনের প্রচেষ্টা ব্যর্থ করিয়া দিবে বলিয়া বিবৃতিতে আশাবাদ ব্যক্ত করা হয়।

সংসদের কয়েকজন সদস্য বিশ্ববিদ্যালয়ে অনুদান বন্ধের দাবী করায় বিশ্ববিদ্যালয়ে স্বভাবতঃ ক্ষোভের সৃষ্টি হইয়াছে উল্লেখ করিয়া বিবৃতিতে বলা হয়, ইহা সকলেই জানেন যে, সরকার বিশ্ববিদ্যালয়ে যে অনুদান প্রদান করেন তাহা জনগণের অর্থ এবং তাহাদের সন্তানদের উচ্চ শিক্ষার জন্য এই অর্থ ব্যয় করা হয়। কাজেই জনগণের কল্যাণকামী কোন নাগরিক এই অর্থ বন্ধের দাবী করিতে পারেন না।

শিক্ষক সম্পর্কে 'অযোগ্যতার' অভিযোগ অত্যন্ত দুঃখজনক উল্লেখ করিয়া বিবৃতিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী যথাযথভাবে নির্বাচিত শিক্ষকেরাই এখানে শিক্ষকতা করেন। কাজেই শিক্ষকদের সম্পর্কে এই ধরনের মন্তব্য অজ্ঞতার পরিচায়ক এবং উচ্চ শিক্ষার স্বার্থে এই ধরনের মন্তব্য অভিপ্রেত নয়।